tracks
www.tracks.uk.net



# বাংলাদেশে স্বেচ্ছায় ফেরত যাওয়া
# Returning to Bangladesh


Praxis Community Projects

National Offender Management Service

## বাংলাদেশে ফেরত যাওয়া

এই কাগজটিতে কিছু সংস্থার বিভিন্ন তথ্য ও তাদের বিবরণ রয়েছে যা আপনাকে ইউকে থেকে অপসারণ বা বাংলাদেশে ফেরত পাঠানো হলে আপনার কাজে লাগতে পারে।
যদিও এখানে নির্ভুল তথ্য নিশ্চিত করার সব রকম চেষ্টা নেওয়া হয়েছে তথাপি উল্লেখিত সংস্থাগুলো তালিকাভুক্ত সেবা যে প্রদান করবেই এমন নিশ্চয়তা নেই।

## ইউকে-তে আপনার দেশের দুতাবাস



**হাই কমিশন ফর দি পিপলস রিপাবলিক অব বাংলাদেশ**

২৮ কুইন্স গেইট, লন্ডন SW7 5JA

**ফোন:** 020 7584 0081 **ফ্যাক্স:** 020 7581 7477

**ইমেইল:** info@bhclondon.org.uk

**www.bhclondon.org.uk**

কনস্যুলার সেকশনের সময়সূচী - সোমবার থেকে বৃহস্পতিবার 10.00-13.00, শুক্রবার 10.00-12.30


## ভ্রমনের প্রয়োজনীয় কাগজপত্র



একটি বৈধ বাংলাদেশী পাসপোর্ট আপনাকে ইউকে থেকে বাংলাদেশে ফেরত পাঠাতে ব্যবহার করা হতে পারে। আপনার কাছে যদি একটি বাংলাদেশী পাসপোর্ট থাকে যার মেয়াদ বিগত দুই বছরের মধ্যে উত্তীর্ণ হয়ে গেছে তবে আপনি পাসপোর্টটি নবায়ন করার জন্য আবেদন করতে পারেন। আপনার মেয়াদ উত্তীর্ণ পাসপোর্ট, পাসপোর্টের জন্য আবেদন পত্র, এবং দুই কপি পাসপোর্ট আকারের ছবি সহ বাংলাদেশ হাই কমিশনে আপনাকে আবেদন করতে হবে।

যদি আপনার কোন পাসপোর্ট না থাকে সেক্ষেত্রে আপনাকে ইমার্জেন্সি ট্র্যাভেল ডকুমেন্ট (ইটিডি)-এর জন্য আবেদন করতে হবে। ইটিডি'র জন্য সকল আবেদনকারীর সাথে বাংলাদেশ হাই কমিশন টেলিফোনে বা সামনা-সামনি সাক্ষাতকার নেবে। হোম অফিস সেটা আয়োজন করবে। ইটিডি'র আবেদন করার সময় আপনার জাতীয়তা সম্পর্কিত প্রমাণপত্র যেমন, আপনার পুরোনো পাসপোর্ট(সমূহ), পাসপোর্টের অনুলিপি, জাতীয় পরিচয় পত্র, জন্ম সনদ, ড্রাইভিং লাইসেন্স অথবা অনুরূপ কাগজপত্র দাখিল করতে হবে।

## ফেরত যাওয়া




আপনি যদি স্বেচ্ছায় ফেরত যেতে চান এবং যথাশীঘ্র সম্ভব বাংলাদেশে ফেরত যাওয়ার বিষয়টি নিশ্চিত করতে চান সেক্ষেত্রে নিম্নোক্ত কাজগুলো করতে পারেন:

- হোম অফিসে আপনার কেইসওয়ার্কারের সাথে যোগাযোগ করে তাকে জানান আপনি স্বেচ্ছায় বাংলাদেশে ফিরে যেতে ইচ্ছুক;
- ট্র্যাভেল ডকুমেন্টটি ইস্যু করার জন্য প্রয়োজনীয় সহায়ক কাগজপত্র জোগাড় করার জন্য সবপ্রকার চেষ্টা করুন;
- ট্র্যাভেল ডকুমেন্ট সংগ্রহ করার প্রক্রিয়া শুরুর জন্য বাংলাদেশ হাই কমিশনে যোগাযোগ করুন।

ফিরে যাওয়ার প্রস্তুতি শুরু করার জন্য নীচের তথ্যগুলো আপনার জন্য সহায়ক হতে পারে।

## বাংলাদেশে ব্যবহার্য দলিলাদি

### জাতীয় পরিচয় পত্র



১৮ বছরের বেশী বয়সী এবং ভোট দেওয়ার যোগ্য সকল বাংলাদেশী নাগরিক একটি জাতীয় পরিচয়পত্র (এনআইডি) পাওয়ার অধিকার সংরক্ষণ করেন। ভোট দেওয়ার যোগ্যতা অর্জন করার জন্য আপনাকে বাংলাদেশের যেকোনো নির্বাচনী এলাকার বাসিন্দা এবং ভোটার তালিকায় আপনার নাম থাকতে হবে। সুতরাং জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করার আগে আপনি যে নির্বাচনী এলাকায় বসবাস করছেন সে এলাকার জেলা নির্বাচন অফিসে আপনার নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে হবে। এর পরে আপনি বাংলাদেশ নির্বাচন কমিশনের ন্যাশনাল আইডেনটিটি রেজিস্ট্রেশন উইং (এনআইডিডব্লিউ) এর বরাবরে জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদন করতে পারবেন। নির্বাচনে ভোট দেওয়ার জন্য, কোনো ব্যাংক একাউন্ট খোলা কিংবা পাসপোর্ট অথবা ড্রাইভিং লাইসেন্স সংগ্রহের জন্য জাতীয় পরিচয়পত্র আপনার পরিচিতি নিশ্চিত করে।

**ন্যাশনাল আইডি উইং (এনআইডিডব্লিউ)**

ইসলামিক ফাউন্ডেশন ভবন (৬-৯ তলা), আগারগাঁও, ঢাকা, বাংলাদেশ

**www.nidw.gov.bd**

### ট্যাক্স আইডেন্টিফিকেশন নাম্বার (টিআইএন)

করদাতাদের একটি টিআইএন নম্বর থাকা আবশ্যক। কোনো সম্পত্তি ক্রয় করা বা ব্যাংক একাউন্ট খোলার জন্য টিআইএন নম্বর প্রয়োজন হতে পারে। ট্যাক্স রিটার্ণ দাখিল করার জন্য টিআইএন নম্বর থাকতে হবে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এই টিআইএন নম্বর প্রদান করে।

**এনবিআর টিআইএন রেজিস্ট্রেশন**
**হেলপলাইন:** 09611-777111
**ইমেইল:** info@incometax.gov.bd
**www.incometax.gov.bd**

## আবাসন

বাংলাদেশের শহর ও পল্লী এলাকায় সাশ্রয়ী আবাসন সমস্যা অত্যন্ত প্রকট আকারের। আশ্রয় ও আবাসনের সংস্থান করা মধ্য ও নিম্ন আয়ের লোকদের জন্য খুব কঠিন এবং হতদরিদ্র লোকজনের জন্য অত্যন্ত দুরূহ। সরকার যদিও দেশে আবাসন সঙ্কট সম্পর্কে অবহিত রয়েছে তথাপি তা নিরসনের প্রক্রিয়া খুবই ধীরগতির।



## স্বাস্থ্য

বাংলাদেশে সরকারী, বেসরকারী সংস্থা বা এনজিও এবং ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান থেকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়ে থাকে। স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগ সীমিত, বিশেষ করে গ্রামাঞ্চলে। এমনকি সরকারী খাতের স্বাস্থসেবায়ও ডাক্তার দেখানো, ঔষধ ও অন্যান্য চিকিৎসা সেবা গ্রহণের জন্য মূল্য প্রদান করতে হয়।




## জরুরী সহায়তা

ওয়েলফেয়ার সিস্টেম বাংলাদেশে চালু নেই বললেই চলে। কিছু কিছু বেসরকারী সংস্থা এবং ধর্মীয় প্রতিষ্ঠানগুলো যৎসামান্য সহায়তা প্রদান করে থাকে।



## কর্মসংস্থান, শিক্ষা এবং প্রশিক্ষণ

সকল ছেলেমেয়ের জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং বিনামূল্যে, তবে পরীক্ষা ও স্কুল সামগ্রীর জন্য মূল্য দিতে হয়। এছাড়া সুযোগ-সুবিধার অভাবে অনেক ছেলেমেয়ে নিয়মিত স্কুলে যায় না। মাধ্যমিক শিক্ষার তহবিলও সরকার থেকে আসে তবে এখানেও অন্যান্য খরচ ও সুযোগের অভাবে অনেক দরিদ্র ও প্রান্তিক পরিবারের ছেলেমেয়েরা বঞ্চিত হয়। যদিও উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষা ও উচ্চশিক্ষার জন্য কিছু সরকারী ব্যবস্থা রয়েছে সেখানে সুযোগ পাওয়া কঠিন।



### কারিগরি প্রশিক্ষণ

বাংলাদেশ টেকনিক্যাল এডুকেশন বোর্ড-এর ওয়েবসাইটে বৃত্তিমূলক সংক্ষিপ্ত প্রশিক্ষন কোর্স এবং ডিপ্লোমা কোর্সের বিবরণ দেওয়া আছে। সংশ্লিষ্ট তথ্য www.bteb.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
কারিগরি প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ব্যুরো অব ম্যানপাওয়ার, এমপ্লয়মেন্ট এন্ড ট্রেনিং (বিএমইটি) থেকেও পাওয়া যাবে। বিএমইটি সারা দেশে বিভিন্ন কেন্দ্রে বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষন দিয়ে থাকে।

**ব্যুরো অব ম্যানপাওয়ার, এমপ্লয়মেন্ট এন্ড ট্রেনিং (বিএমইটি)**
৮৯/২ কাকরাইল, ঢাকা ১০০০
**ফোন:** +880-2-9357972, 9349925

### কর্মসংস্থান

নীচের ওয়েবসাইট সমূহে চাকুরি সংক্রান্ত তথ্য পাওয়া যাবে:
**www.alljobsbd.com www.bdjobs.com**

### কীভাবে একটি নতুন ব্যবসা শুরু করা যাবে

বাংলাদেশে একটি নতুন ব্যবসা শুরু করার জন্য আপনাকে কোম্পানীর নামটি অফিস অব দি রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস এর কাছে নিবন্ধন করাতে হবে। এই অফিস যৌথ মূলধনী কোম্পানী, সমিতি, অংশীদারি প্রতিষ্ঠান প্রভৃতি সংশ্লিষ্ট কোম্পানীজ অ্যাক্ট, অন্যান্য প্রাসঙ্গিক আইন, নীতিমালা ও বিধান অনুযায়ী নিবন্ধন করে থাকে এবং তাদের আইনসম্মত পরিচালনা নিশ্চিত করে। প্রাইভেট লিমিটেড কোম্পানী ও পাবলিক লিমিটেড কোম্পানীর জন্য পৃথক নীতিমালা রয়েছে। ব্যবসার প্রকৃতি অনুসারে তাদেরকে বিএসটিআই, বিআরটিএ প্রভৃতি সংস্থা থেকেও লাইসেন্স বা সার্টিফিকেট নিতে হতে পারে।

**অফিস অব দি রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস**

টিসিবি ভবন (৬ষ্ট তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২০৫

## শিক্ষাগত যোগ্যতা

আপনি ইউকে-তে লেখাপড়া সম্পন্ন করে থাকলে আপনার কাছে শিক্ষা ও দক্ষতা সম্পর্কে সার্টিফিকেট থাকতে পারে যা আপনাকে নতুন একটি কাজ যোগাড় করতে সহায়তা করতে পারে। তবে, বাংলাদেশী নিয়োগকর্তারা আপনার এসব যোগ্যতাকে স্বীকৃতি নাও দিতে পারেন। যদি এমনটি হয়, সেক্ষেত্রে আপনি ব্রিটিশ কাউন্সিল-এর সাথে যোগাযোগ করতে পারেন যারা ইউকে-এর কোনো স্বীকৃত প্রতিষ্ঠানের দেওয়া সার্টিফিকেট এর যথার্থতা যাচাই করতে সক্ষম হতে পারেন। আপনাকে মূল কাগজপত্র জমা দিতে হবে।বাংলাদেশে ব্রিটিশ কাউন্সিলের প্রধান অফিস ঢাকায় অবস্থিত।

**ব্রিটিশ কাউন্সিল**

৫ ফুলার রোড, ঢাকা ১০০০

**ফোন:** + 88 09666 773377 **ফ্যাক্স:** + 88 02 861 3255

**ইমেইল:** bd.enquiries@britishcouncil.org

**www.britishcouncil.org/bangladesh**

## নির্দেশিকা

**আশার আলো সোসাইটি (এএএস)**

বাড়ি নং ৮/১, আওরঙ্গজেব রোড (২য় তলা), ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

**ফোন:** +880 2 9133968 **ফ্যাক্স:** +880 2 8115433

**ইমেইল:** habiba_aas@yahoo.com

এইচআইভি/এইডস আক্রান্তদের রোগনির্ণয়, পরামর্শ ও চিকিৎসা, আয়বর্ধক কার্যক্রম এবং দিবা কেন্দ্র।

**বন্ধু সোশাল ওয়েলফেয়ার সোসাইটি**

৯৯ কাকরাইল (২য় ও ৩য় তলা), ঢাকা-১০০০, বাংলাদেশ

**ফোন:** +880 2 9339898, +880 2 9356868 **ফ্যাক্স:** +880 2 9330148

এদের প্রদত্ত সহায়তা এবং সেবার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে লেসবিয়ান, গে, তৃতীয় লিঙ্গ ও উভলিঙ্গ ব্যক্তিদের জন্য পরামর্শ, শিক্ষা, উপদেশ, তথ্য ও যৌন স্বাস্থ্য বিষয়ক পরিষেবা।

**ব্র্যাক**

ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, বাংলাদেশ

**ফোন:** 88-02-9881265, 88-02-8824180 **২৪ ঘন্টা হেলপ লাইন:** 01199-830465

**ফ্যাক্স:** 88-02-8823614, 88-02-9883542

**ইমেইল:** hrd@brac.net

**www.brac.net/content/brac-bangladesh**

ব্র্যাক একটি বৃহৎ বেসরকারী সংস্থা এবং সমগ্র বাংলাদেশ জুড়ে এর অফিস রয়েছে। ব্র্যাক বিভিন্ন প্রকার কার্যক্রম পরিচালনা করে যার মধ্যে অভিবাসী এবং তাদের পরিবারের মধ্যে পুনর্মিলন, ক্ষুদ্রঋণ, দক্ষতা উন্নয়ন এবং কমিউনিটি স্বাস্থ্য সেবা প্রভৃতি অন্তর্ভুক্ত।

## বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি

জাতীয় সদর দপ্তর, ৬৮৪-৬৮৬ বড় মগবাজার, ঢাকা ১২০৭, বাংলাদেশ

**ফোন:** (880) (2) 8319366/ 9330188 / 9330189 **ফ্যাক্স:** (880) (2) 8311908 / 9352303

**ইমেইল:** ingo@bdrcs.org

তাদের প্রদত্ত সেবায় অন্তর্ভুক্ত রয়েছে পরিবারের সদস্যদের সন্ধান করা ও স্বাস্থ্য পরিষেবা।

## কারিতাস বাংলাদেশ

২, আউটার সার্কুলার রোড, শান্তিবাগ, ঢাকা-১২১৭

ডাক ঠিকানা: জিপিও বক্স: ৯৯৪, ঢাকা-১০০০, বাংলাদেশ

**ফোন:** +880 2 8315405-9 **ফ্যাক্স:** +880 2 8314993

**ইমেইল:** cbgeneral@caritasbd.org; info@caritasbd.org

**www.caritasbd.org**

ক্যাথলিক সংস্থা, সারা বাংলাদেশে যাদের অফিস রয়েছে এবং তাদের সেবার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে শিক্ষা, প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণ এবং স্বাস্থ্য।

## দি ইন্টারন্যাশনাল ওরগানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম)

বাড়ি ১৩/এ, সড়ক ১৩৬, গুলশান ১, ঢাকা ১২১২, বাংলাদেশ, পোস্টবক্স ৯০৫৫

**ফোন:** 880 2 9887978

**ইমেইল:** imodhaka@iom.int

আইওএম স্বেচ্ছায় বাংলাদেশে ফেরত যাওয়া ব্যক্তিদেরকে পুনর্বাসন ও পুনঃপ্রতিষ্ঠার জন্য সহায়তা প্রদান করে।

## ন্যাশনাল নেটওয়ার্ক অব পিএলএইচআইভি-বাংলাদেশ

৮ম তলা, আইডিবি ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা, বাংলাদেশ

**ফোন:** +880 171 6253502 **ফ্যাক্স:** +880 181 9004753

**ইমেইল:** nnbplus@gmail.com

আত্ম-নির্ভর গ্রুপ, এইচআইভি এবং এইডস এর সাথে বসবাসরত ব্যক্তিদের মধ্যে সংযোগ ও নেটওয়ার্ক স্থাপন, এডভোকেসি, তথ্য আদানপ্রদান, সামর্থ্য বৃদ্ধি, অপবাদ ও বৈষম্যের বিরুদ্ধে সংগ্রাম করা।

## অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম (ওকেইউপি)

৫৪২, মৃধা প্লাজা, দক্ষিণ দনিয়া, ঢাকা-১২৩৬, বাংলাদেশ

**ফোন:** +88 02 75 53 737 **হেলপলাইন:** +88 01 84 27 73 300

**ফ্যাক্স:** +88 02 75 53 737

**ইমেইল:** okup.ent@gmail.com

**www.okup.org.bd**

অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম (ওকেইউপি) আশ্রয় (এসাইলাম) কিংবা উদ্বাস্তু'র মর্যাদা লাভে ব্যর্থ হওয়ায় যাদেরকে নিজ দেশে ফেরত পাঠানো হয় তাদের সাথে কাজ করে। ওকেইউপি যাত্রা শুরু করার পূর্বের দরকারী তথ্য, পৌঁছার পরে সহায়তা ও অরক্ষিত অভিবাসী এবং উদ্বাস্তুদেরকে গন্তব্য দেশের স্থানীয় প্রতিষ্ঠানের সহযোগীতায় কাউন্সেলিং সেবা প্রদান করে। এছাড়াও তারা ফেরত যাওয়া/প্রত্যাবাসন এবং সমাজে পুনঃপ্রতিষ্ঠার জন্য এয়ারপোর্ট থেকে নিয়ে যাওয়া, আশ্রয়ের ব্যবস্থা করা, মনস্তাত্বিক কাউন্সেলিং এবং আইনী ও চিকিৎসা সহায়তা প্রদান করে। তারা বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান এবং রেমিটেন্স এর মাধ্যমে প্রেরিত অর্থ ব্যবসায়িক উদ্যোগে বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক পুনঃপ্রতিষ্ঠা সহজতর করে।

## থানাপাড়া শ্যালোজ ডেভেলপমেন্ট সোসাইটি

ডাকঘর-সারদা, জেলা রাজশাহী

**ফোন:** + 88 01 711 346 486

**ইমেইল:** raihanali58@gmail.com

**www.emmaus-international.org/en/who-are-we/emmaus-around-the-world/asia/bangladesh/thanapara-swallows.html**

একটি বেসরকারী উন্নয়ন সংস্থা এবং Emmaus নেটওয়ার্কের সদস্য, থানাপাড়া শ্যালোজ আয়বর্ধক কর্মকান্ড, ক্ষুদ্রঋণ, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং পারিবারিক নির্যাতনের শিকার ব্যক্তিদেরকে সহায়তা প্রভৃতি কার্যক্রম পরিচালনা করে থাকে।

**এই উদ্যোগটি হিবিস্কাস ইনিশিয়েটিভস এর সাথে প্র্যাক্সিস কমিউনিটি প্রজেক্টস এর একটি যৌথ প্রযোজনা।**

হিবিস্কাস ইনিশিয়েটিভস মানব পাচারের শিকার হয়ে ইউকে-তে কারাগার ও ইমিগ্রেশন ডিটেনশন সেন্টারে আটক পুরুষ ও নারীদের সাথে কাজ করে যাদের কারাগার বা আটক অবস্থা থেকে ছাড়া পাওয়ার পর কমিউনিটিতে পুনর্বাসনের জন্য সহায়তা পাওয়ার প্রয়োজন রয়েছে। তাদের কাজগুলোর মধ্যে রয়েছে কারাগারে আটককৃতদের কল্যাণ ও পরামর্শ প্রদান, আন্তর্জাতিক পুনর্বাসন, মানব পাচার রোধ এবং স্বেচ্ছাসেবক হিসাবে কমিউনিটিতে পুনর্বাসন করা। হিবিস্কাস ইনিশিয়েটিভস সম্পর্কে আরো তথ্যের জন্য আপনি নীচের ঠিকানায় তাদের সাথে যোগাযোগ করতে পারেন:

## হিবিস্কাস ইনিশিয়েটিভস

রিসোর্স ফর লন্ডন, ৩৫৬ হলোওয়ে রোড লন্ডন N7 6PA
**ফোন:** + 44 (0) 20 7697 4120 **ফ্যাক্স:** + 44 (0) 20 7697 4272
**ইমেইল:** info@hibiscusinitiatives.org.uk
**www.hibiscusinitiatives.org.uk**

প্র্যাক্সিস কমিউনিটি প্রজেক্টস বিদেশী অপরাধী নাগরিক সহ ঝুঁকিগ্রস্ত আভিবাসীদের সাথে কাজ করে এবং তাদেরকে ইমিগ্রেশন, হাউজিং, ওয়েলফেয়ার বেনিফিট সংক্রান্ত অ্যাডভোকেসী, কেইসওয়ার্ক এবং পরামর্শ প্রদান করে।

## প্র্যাক্সিস কমিউনিটি প্রজেক্টস

পোট স্ট্রিট, লন্ডন E2 0EF
**ফোন:** +44 (0)20 7729 7985 **ফ্যাক্স:** +44 (0)20 7729 0134
**ইমেইল:** advice@praxis.org.uk
**praxis.org.uk**